

[বাংলাদেশ](#)

ডাকসুতে শেখ হাসিনার আজীবন সদস্যপদ বাতিল

প্রতিবেদক ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রকাশ : ১৩ নভেম্বর ২০২৫, ০৩ : ১৯



শেখ হাসিনা ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) থেকে ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার আজীবন সদস্যপদ বাতিল করা হয়েছে। বুধবার ডাকসুর দ্বিতীয় কার্যনির্বাহী সভায় তাঁর সদস্যপদ অবৈধ ঘোষণা করা হয়।

বুধবার সন্ধ্যা ৬টায় ডাকসু কনফারেন্স রুমে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও ডাকসুর সভাপতি অধ্যাপক নিয়াজ আহমদ খান। সভায় ডাকসুর ভিসি, জিএস ও এজিএসসহ কার্যনির্বাহী পরিষদের সব সদস্য উপস্থিত ছিলেন।

সভা শেষে শেখ হাসিনার সদস্যপদ বাতিলের বিষয়টি নিশ্চিত করেন ডাকসুর ভিপি সাদিক কায়েম। তিনি বলেন, ২০১৯ সালে ডাকসুর গঠনতন্ত্র লঙ্ঘন করে একটি প্রস্তাবের মাধ্যমে শেখ হাসিনাকে আজীবন সদস্যপদ দেওয়া হয়েছিল, যা ছিল সম্পূর্ণ ‘অগণতান্ত্রিক ও অবৈধ’। আজকের (বুধবার) সাধারণ সভায় সেই বিতর্কিত প্রস্তাব বাতিল করা হয়েছে।

উল্লেখ্য, ২০১৯ সালে ডাকসু থেকে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আজীবন সদস্যপদ দেওয়া হয়। ওই সময় ডাকসুর ভিপি ছিলেন নুরুল হক, জিএস গোলাম রাব্বানী ও এজিএস সাদ্দাম হোসেন।

